# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮২৫(১০) তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.

বিষয় ঃ **২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের ফরমপুরণ ফি জমাদানের সোনালী সেবা ব্যাংক রশিদের বোর্ডের অংশ মূল কপি শিক্ষা বোর্ডে জমা দিয়ে কেন্দ্র ভিত্তিক প্রবেশপত্র গ্রহণ এবং বিতরণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার তাঁর কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের ফরমপুরণ ফি জমাদানের সোনালী সেবা ব্যাংক রশিদের বোর্ডের অংশ মূল কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ হতে সংগ্রহ করে কেন্দ্র সচিবের ফরওয়ার্ডিংসহ নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী শিক্ষা বোর্ডে জমা দিয়ে কেন্দ্র ভিত্তিক প্রবেশপত্র গ্রহণ এবং বিতরণের কার্যকরি ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।

## কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের ফরমপুরণ ফি জমাদানে সোনালী সেবা ব্যাংক রশিদের বোর্ডের অংশ মূল কপি ফরওয়ার্ডিংসহ জমাকরণ, কেন্দ্র ভিত্তিক প্রবেশপত্র গ্রহণ ও বিতরণ সময়সূচি ঃ

| জেলার নাম | শিক্ষা বোর্ড থেকে কেন্দ্র ভিত্তিক বিতরণের তারিখ | কেন্দ্র থেকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে প্রবেশপত্র বিতরণের শেষ তারিখ |
|---|---|---|
| **সকল জেলা** | **২৩/০১/২০১৯** | **২৪/০১/২০১৯** |

উল্লিখিত সময়সূচী অনুযায়ী তাঁর কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখা (৪র্থ তলা) হতে ২০১৯ সালের এসএসসি পরীক্ষা কেন্দ্রের কেন্দ্র সচিব বা তাঁর প্রাধিকার প্রাপ্ত শিক্ষক প্রতিনিধি-কে সরবরাহ করা হবে। কেন্দ্র সচিব, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হলে প্রবেশপত্র গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়ন পত্র গ্রহণপূর্বক সঙ্গে নিয়ে আসতে হবে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে গৃহীত সংশ্লিষ্ট প্রতিনিধির নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক সঙ্গে নিয়ে আসতে হবে। **প্রবেশপত্র গ্রহণের পর দিনই কেন্দ্র ফি পরিশোধ সাপেক্ষে কেন্দ্রভুক্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট স্ব স্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের প্রবেশপত্র অবশ্যই হস্তান্তর করতে হবে।** এক্ষেত্রে কোনরূপ অবহেলা/গাফিলতি/ব্যতিক্রম ঘটলে অথবা কোন অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব এককভাবে দায়ী থাকবেন। উল্লেখ্য প্রবেশপত্র হস্তান্তরের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে কেন্দ্র ফি ব্যতিরেকে অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।

**উল্লেখ্য, ফরম পূরণ না করা সত্ত্বেও পরবর্তীতে রেজিস্ট্রেশন ইস্যু হওয়ার কারণে বা অন্য কোন কারণে ফি প্রদানের অতিরিক্ত প্রবেশপত্র ইস্যু হয়ে থাকলে উক্ত অতিরিক্ত প্রবেশপত্র বাতিলের জন্য প্রতিষ্ঠান প্রধানের ফরওয়াডিংসহ আগামী ২৮/০১/২০১৯ তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত হাতে হাতে (কোন ক্রমেই ডাকযোগে নয়) পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে জমা দিতে হবে। ফি প্রদানের অতিরিক্ত ইস্যুকৃত প্রবেশপত্রের মাধ্যমে কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণ করলে উক্ত পরীক্ষা বাতিল করা হবে এবং এ বিষয়ে কোন প্রকার জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবেন।**

## -ঃ শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড মোতাবেক প্রবেশপত্র সংশোধন ও ফরমপুরণকৃত পরীক্ষার্থীর না পাওয়া প্রবেশপত্র প্রাপ্তির জন্য শিক্ষা বোর্ডে আবেদন জমাদান এবং শিক্ষা বোর্ড হতে সংশোধিত/না পাওয়া প্রবেশপত্র গ্রহণের সময়সূচি ঃ-

| জেলার নাম | শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষা বোর্ডে আবেদন জমাদানের শেষ তারিখ | শিক্ষা বোর্ড থেকে সংশোধিত/না পাওয়া প্রবেশপত্র গ্রহণের তারিখ |
|---|---|---|
| **সকল জেলা** | **২৮/০১/২০১৯** | **৩১/০১/২০১৯** |

সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধান কেন্দ্র থেকে প্রবেশপত্র গ্রহণের পর পরই জরুরী ভিত্তিতে প্রতিষ্ঠানের সকল শিক্ষকের সহায়তায় রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বর ও প্রবেশপত্রে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বর মিলিয়ে যাচাই করবেন। যাচাই অন্তে প্রাপ্ত প্রবেশপত্রে কোনরূপ গড়মিল দেখা দিলে/ফরম পুরণকৃত কোন পরীক্ষার্থীর প্রবেশপত্র না পেয়ে থাকলে কিংবা রেজিস্ট্রেশন কার্ড মোতাবেক প্রবেশপত্র ইস্যু না হয়ে থাকলে উপরের ছকে বর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশন কার্ডের স্পষ্ট ফটোকপি ও ফরম পুরণের প্রামাণ্য কাগজপত্রসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করবেন এবং বর্ণিত সময়সূচি অনুযায়ী নির্ধারিত তারিখে প্রবেশপত্র গ্রহণ করবেন। প্রতিষ্ঠান প্রধানগণ পরীক্ষা চালাকালীন পরীক্ষার্থী প্রতি ২০০.০০ টাকা এবং পরীক্ষার পর ফল প্রকাশের পূর্ব পর্যন্ত ৪০০.০০ টাকা জরিমানা সোনালী সেবার মাধ্যমে জমাদান সাপেক্ষে সরাসরি পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর রেজিস্ট্রেশন কার্ড মোতাবেক প্রবেশপত্র সংশোধনের জন্য আবেদন করতে পারবেন। পরীক্ষার ফল প্রকাশের পর প্রবেশপত্র সংশোধন সংক্রান্ত আবেদন গ্রহণ করা হবে না।

১৬/০১/১৯

**প্রফেসর মোঃ তৌফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৫১৮৮১ (অফিস)

**কেন্দ্র সচিব**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০১৯।

**স্মারক নং ঃ** মাউশিবোদি/পনি/এসএসসি পরীঃ-২০১৯/২৮২৫(১০) **তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.**

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০২। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৫। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৭। প্রধান শিক্ষক/অধ্যক্ষ, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়। তাঁকে অবিলম্বে সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবের সঙ্গে যোগাযোগ করে ১৮/০১/২০১৯ তারিখের মধ্যে নিজ নিজ প্রতিষ্ঠানের ২০১৯ সালের এসএসসি পরীক্ষার পরীক্ষার্থীদের ফরমপুরণের সোনালী সেবা ব্যাংক রশিদের মূল কপি বোর্ডের অংশ সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট জমাদান করতঃ ২১/০১/২০১৯ তারিখে কেন্দ্র ফি পরিশোধ করে অবশ্যই তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের প্রবেশপত্র গ্রহণ করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
০৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৯। Website Copy.
১০। অফিস নথি।

১৬/০১/১৯

**প্রফেসর মোঃ তৌফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর
ফোনঃ ০৫৩১- ৫১৮৮১ (অফিস)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮২৬(১০) তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.

## জরুরী বিজ্ঞপ্তি

**বিষয় ঃ ২০১৯ সালের এসএসসি পরীক্ষার প্রবেশপত্র প্রাপ্তির পর প্রাপ্ত প্রবেশপত্র সংক্রান্ত যে যে সংশোধনী চেয়ে পরীক্ষা শাখায় আবেদন করা যাবে সে সংক্রান্ত।**

০১। প্রবেশপত্র না পেলে ফরমপুরণের প্রমাণসহ প্রবেশপত্র প্রাপ্তির জন্য পরীক্ষা শাখায় আবেদন করা যাবে।

০২। প্রবেশপত্রে পরীক্ষার্থীর প্রয়োজনীয় কোন তথ্য না থাকলে/অস্পষ্ট থাকলে/আংশিক মুদ্রিত থাকলে রেজিস্ট্রেশন কার্ডে মুদ্রিত তথ্য মোতাবেক সংশোধিত প্রবেশপত্র চেয়ে আবেদন করা যাবে।

০৩। প্রবেশপত্রে আংশিক বিষয়কে সকল বিষয় এবং সকল বিষয়কে আংশিক বিষয়ে রূপান্তর সংক্রান্ত সংশোধিত প্রবেশপত্র চেয়ে আবেদন করা যাবে।

**উল্লিখিত ক্ষেত্র ব্যতিত অন্য যে কোন সংশোধনী রেজিস্ট্রেশন সংক্রান্ত সংশোধনী বলে গণ্য হবে বিধায় সেক্ষেত্রে প্রবেশপত্রের সংশোধনী চেয়ে পৃথকভাবে পরীক্ষা শাখায় আবেদন করতে হবে না।**

বি:দ্র:- রেজিস্ট্রেশন কার্ডের কোন সংশোধনী চেয়ে আবেদন করা হলে ঐ রেজিস্ট্রেশন কার্ডের বিপরীতে সংশোধিত প্রবেশপত্র প্রাপ্তির জন্য পরীক্ষা শাখায় পৃথকভাবে আর কোন আবেদন করার প্রয়োজন নেই। সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড প্রদর্শন করে সরাসরি সংশোধিত প্রবেশপত্র পরীক্ষা শাখা হতে গ্রহণ করা যাবে।

সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করে প্রবেশ পত্র বিষয়ে কার্যকরি পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**প্রধান শিক্ষক**
দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল মাধ্যমিক বিদ্যালয়।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮২৬(১০) তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০২। Website Copy.
০৩। অফিস কপি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮২৭(১০) তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.

**বিষয় ঃ 2019 সালের এসএসসি পরীক্ষা "সুষ্ঠু ও ত্রুটিমুক্তভাবে গ্রহণ" শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সুষ্ঠু ও ত্রুটিমুক্তভাবে ২০১৯ সালের এসএসসি পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল পরীক্ষা কেন্দ্রের শুধুমাত্র কেন্দ্র সচিবদের **(কোনক্রমেই প্রতিনিধি নয়)** নিয়ে পরীক্ষার মানোন্নয়ন শীর্ষক কর্মশালা নিম্নের ছকে উল্লিখিত সময়সূচি মোতাবেক শিক্ষা বোর্ডের ৫ম তলায় সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উল্লিখিত কর্মশালায় সংশ্লিষ্ট সকল কেন্দ্র সচিবের সঠিক সময়ে উপস্থিতি বাধ্যতামূলক। বিধায় উক্ত মতবিনিময় সভায় এসএসসি পরীক্ষার শুধুমাত্র কেন্দ্র সচিবকে **(কোনক্রমেই প্রতিনিধি নয়)** যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রঃ নং | জেলার নাম | কেন্দ্র সংখ্যা | কর্মশালা অনুষ্ঠিত হওয়ার তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১. | কুড়িগ্রাম | ৩৪ টি | ২০/০১/২০১৯ | সভাকক্ষে উপস্থিতি সকাল ১০:৪৫ মিনিট; আসন গ্রহণ সকাল ১০:৫৫ মিনিট; কর্মশালা শুরু সঠিক সময় বেলা ১১:০০ টা; কর্মশালা শেষ সঠিক সময় দুপুর ০১:০০ টা। |
| ০২. | নীলফামারী | ২৪ টি | | |
| ০৩. | ঠাকুরগাঁও | ২২ টি | ২১/০১/২০১৯ | |
| ০৪. | পঞ্চগড় | ২২ টি | | |
| ০৫. | রংপুর | ৪৮ টি | ২২/০১/২০১৯ | |
| ০৬. | গাইবান্ধা | ৪০ টি | ২৩/০১/২০১৯ | |
| ০৭. | লালমনিরহাট | ১৮ টি | | |
| ০৮. | দিনাজপুর | ৫৯ টি | ২৪/০১/২০১৯ | |

**বি:দ্র:- কোন কেন্দ্র সচিব সকাল ১০:৪৫ মিনিটের মধ্যে কর্মশালায় উপস্থিত হতে না পারলে তিনি সভায় অনুপস্থিত আছেন হিসেবে গণ্য হবেন।**

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

**কেন্দ্র সচিব**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০১৯।

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮২৭(১০) তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০২। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৫। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৮। Website Copy.
০৯। অফিস নথি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরীঃ-২০১৯/২৮২৮(১০) তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.

**বিষয় ঃ ২০১৯ সালের এসএসসি পরীক্ষার উপকরণাদি বিতরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের অধীনে ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা আগামী ০২ ফেব্রুয়ারী শনিবার হতে শুরু হবে। তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের অলিখিত মূল উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময় অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষার উপকরণাদি বিতরণ ও জমাগ্রহণ (ভান্ডার) শাখা হতে সরবরাহ করা হবে। এ কারণে এসএসসি পরীক্ষা কেন্দ্রের সচিব-কে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত নিজ প্রতিষ্ঠানের একজন শিক্ষক প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট শাখা হতে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হলো। কেন্দ্র সচিব, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হলে উপকরণ গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়ন পত্র গ্রহণপূর্বক সঙ্গে নিয়ে আসতে হবে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে গৃহীত সংশ্লিষ্ট প্রতিনিধির নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক সঙ্গে আনতে হবে।

০১। তাঁর কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি অত্র শিক্ষা বোর্ড হতে কেন্দ্র পর্যন্ত নিরাপদে পরিবহনের ব্যবস্থা তাঁকে নিজ দায়িত্বে করতে হবে এবং এ কাজের জন্য প্রয়োজনীয় ব্যয় পরীক্ষা কেন্দ্রের তহবিল হতে বহন করতে হবে।

০২। **কেন্দ্রে পৌছার পরই প্রাপ্ত উপকরণাদি প্রাপ্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, একান্ত সচিব জনাব মোঃ নাসিমউজ জামান (মোবাইল নংঃ ০১৭১২-২৫২৫৪৩)-এর নিকট তাৎক্ষণিক যোগাযোগ করে বিষয়টি অবহিত করতে হবে।**

০৩। তাঁর কেন্দ্রের আওতাধীন কোন প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের পরীক্ষার ফি বাবদ কোন বকেয়া পাওনা থাকলে উপকরণাদি গ্রহণের পূর্বেই উক্ত পাওনা পরিশোধ করতঃ অত্র বোর্ডের হিসাব শাখায় ও মাধ্যমিক পরীক্ষা শাখা হতে ছাড়পত্র গ্রহণ করতে হবে অন্যথায় পরীক্ষার উপকরণাদি সরবরাহ করা হবে না। এ ব্যপারে তাঁকে অবশ্যই নিশ্চিত হতে হবে।

০৪। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে দিনাজপুর শিক্ষা বোর্ডের Website- www.dinajpureducationboard.gov.bd-এ প্রকাশিত সময়সূচি অনুযায়ী উদ্বৃত্ত ও বিনষ্ট মালামাল, উদ্বৃত্ত/অতিরিক্ত প্রশ্নপত্র ভর্তি ট্রাংক, খালি ট্রাংক, তালা, অলিখিত/অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, খালি বস্তাসহ সকল সরবরাহকৃত উপকরণাদি অবশ্যই অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষার উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা একান্ত সচিব জনাব মোঃ নাসিমউজ জামান (মোবাইল নংঃ ০১৭১২-২৫২৫৪৩)- -এর নিকট বুঝে দিতে হবে। উক্ত সময়ে উপকরণ জমাদানে ব্যর্থ হলে এবং মালমাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতি পূরণ আদায় করা হবে। উদ্বৃত্ত উপকরণাদি কোন ক্রমেই পরীক্ষা নিয়ন্ত্রকের নামে/ঠিকানায় (কুরিয়ার/ ডাকযোগে) পাঠানো যাবে না।

০৫। কেন্দ্র সচিব গ্রহণকৃত উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা গ্রহণ শেষে তিনি নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে বুঝিয়ে দিতে বাধ্য থাকবেন।

০৬। **অলিখিত মূল উত্তরপত্র/অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের পূর্বে অযথা কেন্দ্রের সীল/স্বাক্ষর ব্যবহার করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা হারে জরিমানা সোনালী সেবার মাধ্যমে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপযুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্র সচিবের সীল ও স্বাক্ষর করে ফেরৎ দিতে হবে। কোন উত্তরপত্রের পিন/সেলাই খোলা থাকলে, কোন ক্রমেই অন্য স্ট্যাপ্লার পিন/সেলাই করে ব্যবহার করা যাবে না। ত্রুটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরৎ দিতে হবে।**

০৬। বস্তা ও উদ্বৃত্ত প্রশ্নপত্র ফেরৎ দিতে ব্যর্থ হলে ক্রমিক নং -০৬ এর ন্যায় ক্ষতিপূরণ দিতে কেন্দ্র সচিব বাধ্য থাকবেন।

## -ঃ জেলা ভিত্তিক কেন্দ্রওয়ারী উপকরণাদি বিতরণের তারিখ ও সময় নিম্নরূপ ঃ-

| ক্রঃ নং | জেলার নাম | কেন্দ্র সংখ্যা | বিতরণের তারিখ | সময় |
|---|---|---|---|---|
| ০১. | কুড়িগ্রাম | ৩৪ টি | ২০/০১/২০১৯ | অফিস চলাকালীন সময় |
| ০২. | নীলফামারী | ২৪ টি | | |
| ০৩. | ঠাকুরগাঁও | ২২ টি | ২১/০১/২০১৯ | |
| ০৪. | পঞ্চগড় | ২২ টি | | |
| ০৫. | রংপুর | ৪৮ টি | ২২/০১/২০১৯ | |
| ০৬. | গাইবান্ধা | ৪০ টি | ২৩/০১/২০১৯ | |
| ০৭. | লালমনিরহাট | ১৮ টি | | |
| ০৮. | দিনাজপুর | ৫৯ টি | ২৪/০১/২০১৯ | |

পরীক্ষা কেন্দ্রের উদ্বৃত্ত উপকরণ ও মালামাল শিক্ষা বোর্ডে ফেরৎ প্রদানের তারিখ ও সময় যথাসময়ে দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশ করা হবে এবং কেন্দ্র সচিবকে তাঁর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে অবহিত করা হবে।

**কেন্দ্র সচিব ও প্রধান শিক্ষক**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০১৯।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

**স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮২৮(১০)** **তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.**

**<u>অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>**

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৩। অত্র শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৫। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৭। পোস্ট মাস্টার জেনারেল, রাজশাহী।
০৮। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী।
০৯। রেলওয়ে সুপারিনটেনডেন্ট, পশ্চিমাঞ্চল, রাজশাহী। তাঁকে পরীক্ষা সংক্রান্ত উপকরণাদি নিরাপদে দ্রুত বোর্ডে আদান প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১০। স্টেশন সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ রেলওয়ে, দিনাজপুর। তাঁকে পরীক্ষা সংক্রান্ত উপকরণাদি নিরাপদে দ্রুত বোর্ডে আদান প্রদানের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১১। ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, প্রধান ডাকঘর, দিনাজপুর।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১৩। Website Copy.
১৪। অফিস নথি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

**(বিঃদ্রঃ- পরীক্ষার উপকরণ সংক্রান্ত যে কোন সমস্যায় যোগাযোগ করুন ঃ**
**(একান্ত সচিব জনাব মোঃ নাসিমউজ জামান, মোবাইল নংঃ ০১৭১২-২৫২৫৪৩)**

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮২৯(১০) তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.

বিষয় ঃ **২০১৯ সালের এসএসসি পরীক্ষার দৈনন্দিন তথ্য আদান-প্রদানের জন্য দিনাজপুর শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রন কক্ষ খোলা প্রসঙ্গ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের এসএসসি পরীক্ষা সংক্রান্ত তথ্য আদান-প্রদানের জন্য অত্র শিক্ষা বোর্ডে ইতোমধ্যে একটি **"পরীক্ষা নিয়ন্ত্রন কক্ষ"** খোলা হয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রন কক্ষের টেলিফোন, মোবাইল ও ফ্যাক্স নম্বরসমূহ নিম্নে উল্লেখ করা হলো।

টেলিফোন নম্বর ঃ ০৫৩১-৫১৭৮৫

ফ্যাক্স নম্বর ঃ ০৫৩১-৬৬৪২১

**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঃ**
**মোঃ মানিক হোসেন**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্য)
**মোবাইল নম্বর ঃ ০১৭১৬-৮৩৪৮৪৬**

**সচিব**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮২৯(১০) তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.

**অনুলিপি ঃ অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৪। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৬। কেন্দ্র সচিব, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র -২০১৯।
০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৮। Website Copy.
০৯। অফিস কপি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com

**স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮৩০(১০)** **তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.**

**বিষয় ঃ ২০১৯ সালের এসএসসি পরীক্ষার ব্যবহারিক বিষয়সমূহের ব্যবহারিক পরীক্ষার নম্বর প্রেরণ।**

২০১৯ সালের এসএসসি পরীক্ষার ব্যবহারিক বিষয়সমূহের ব্যবহারিক পরীক্ষার নম্বর Online-এ এবং শিক্ষা বোর্ড কর্তৃক সরবরাহকৃত নম্বরফর্দে নিম্নে বর্ণিত নিয়মে প্রেরণ করতে সংশ্লিষ্ট সকল কেন্দ্র সচিকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১। www.dinajpurboard.gov.bd Website এর SSC Practical Marks Option ব্যবহার করে ব্যবহারিক পরীক্ষা চলাকালীন সময়ে বিষয়ভিত্তিক ব্যবহারিক নম্বর Online-এ এন্ট্রি করে তারপর Confirm পূর্বক প্রেরণ করতে হবে। Confirm করা হলে ব্যবহারিক নম্বর এন্ট্রিকৃত তালিকাসমূহের কপি প্রিন্ট করে নিতে হবে এবং প্রতি পৃষ্ঠায় কেন্দ্র সচিবকে স্বাক্ষর করতে হবে। কেন্দ্র সচিব কর্তৃক স্বাক্ষরিত ব্যবহারিক পরীক্ষার নম্বরের Online-এ এন্ট্রিকৃত তালিকা ০২ (দুই) সেট এবং শিক্ষা বোর্ড হতে সরবরাহকৃত ব্যবহারিক পরীক্ষার নম্বর ফর্দে প্রস্তুতকৃত তালিকা ০২ (দুই) সেট প্রস্তুত করতে হবে। উভয়ের সেটের এক কপি করে তালিকা শিক্ষা বোর্ডে জমা দিতে হবে এবং অপর এক কপি করে কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।

শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) এ দুটি বিষয়ের ধারাবাহিক মূল্যায়নের নম্বর এবং স্ব স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) বিষয়ের ব্যবহারিক নম্বর একইভাবে পরীক্ষা কেন্দ্রের মাধ্যমে Online-এ প্রেরণ করতে হবে এবং শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

**কেন্দ্র সচিব**
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র-২০১৯।

**স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮৩০(১০)** **তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.**

**অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৪। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
০৬। প্রধান শিক্ষক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়।
০৭। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
০৮। অফিস কপি।

**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : dinajpureducationboard@gmail.com


স্মারক নং ঃ মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০১৯/২৮৩১(১০) তারিখ ঃ ১৬/০১/২০১৯ খ্রি.

# বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট সকল মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষককে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ব্যবহারিক পরীক্ষায় ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের পরীক্ষার্থীদের নম্বর বিভাজন নিম্নরূপ হবেঃ-

**শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) বিষয়ের ব্যবহারিক অংশ (পূর্ণমান- ২৫) ঃ**

- ✓ ১টি খেলা প্রদর্শন : ১২ নম্বর
- ✓ ১টি শরীরচর্চা প্রদর্শন : ৮ নম্বর
- ✓ মৌখিক অভীক্ষা : ৫ নম্বর

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (১৫৪) বিষয়ের ব্যবহারিক অংশ (পূর্ণমান- ২৫) ঃ**

- ✓ কম্পিউটারের যন্ত্রাংশ খোলা ও সংযোজন : ১৫ নম্বর
- ✓ প্রতিবেদন লিখন : ৫ নম্বর
- ✓ মৌখিক অভীক্ষা : ৫ নম্বর

**ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়ের ব্যবহারিক অংশ (পূর্ণমান- ২৫) ঃ**

- ✓ প্রতিবেদন লিখন : ২০ নম্বর
- ✓ মৌখিক অভীক্ষা : ৫ নম্বর

উল্লিখিত বিষয়ে কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


**প্রফেসর মোঃ তোফাজ্জুর রহমান**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।
ফোনঃ ০৫৩১-৫১৮৮১, ফ্যাক্স ঃ ০৫৩১-৬৬৪২১

**সংশোধিত আদেশ**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শাখা-১১ (মাধ্যমিক-২)
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪.৪৯৫ তারিখ : ১৪ আশ্বিন ১৪২২ বঙ্গাব্দ / ২৯ সেপ্টেম্বর ২০১৫

**পরিপত্র**

**বিষয়: প্রতিবন্ধী(অটিস্টিক, ডাউন সিনড্রোম, সেরিব্রালপলসি) শিক্ষার্থীকে বিশেষ ব্যবস্থায় পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি ।**

বিশেষ চাহিদাসম্পন্ন (অটিস্টিক এবং ডাউন সিনড্রোম বা সেরিব্রালপলসি আক্রান্ত) শিশুরা একটু অন্যমনস্ক এবং খেয়ালী হয়ে থাকে। তাই তাদের পরীক্ষায় অংশগ্রহণে তার শিক্ষক/অভিভাবক/সাহায্যকারীর প্রয়োজন হয়।

০২। উপর্যুক্ত কারণে অটিস্টিক এবং ডাউন সিনড্রোম বা সেরিব্রালপলসি আক্রান্ত শিশুদের পাবলিক পরীক্ষায় অংশগ্রহণে সুবিধার জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যাবে:

(ক) অন্যান্য শিক্ষার্থীদের তুলনায় ৩০ মিনিট অতিরিক্ত সময় প্রদান;
(খ) শিক্ষক/অভিভাবক/সাহায্যকারীর বিশেষ ব্যবস্থাপনায় সহায়তায় পরীক্ষা প্রদানের সুযোগ দান।

০৩। শিক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে, সেই কেন্দ্র প্রধান/প্রধান শিক্ষক/অধ্যক্ষ/কেন্দ্র সচিব তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। শিক্ষার্থীর অভিভাবককে উল্লিখিত সুবিধা গ্রহণের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক,সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরাবর আবেদন করে পূর্বানুমতি নিতে হবে এবং আবেদনপত্রের সাথে সিভিল সার্জন/বিশেষজ্ঞ চিকিৎসক কর্তৃক প্রদত্ত অটিজম/ডাউন সিনড্রোম/সেরিব্রালপলসি সনাক্তকরণ সনদ, পরীক্ষার্থী ও সাহায্যকারীর পাসপোর্ট সাইজের ০২ (দুই)কপি সত্যায়িত ছবি জমা দিতে হবে।

০৫। এ পরিপত্র ২০১৫ খ্রিস্টাব্দের সকল পাবলিক পরীক্ষা থেকে কার্যকর হবে।

*স্বাক্ষরিত/-*
তারিখঃ ২৯.৯.২০১৫
**(মো. নজরুল ইসলাম খান)**
সচিব

নং-৩৭.০০.০০০০.০৭২.৪৩.০৩৬.১৪. তারিখ ঃ ২৪ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ / ০৮ ডিসেম্বর ২০১৫

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):
১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (প্রঃ ও অর্থ/উন্নয়ন/বিশ্ববিদ্যালয়/মাধ্যমিক/কারিগরি/মাদ্রাসা), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. কমিশনার (ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর) বিভাগ ।
৮. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৯. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১০. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, স্কাউট ভবন, ঢাকা।
১১. যুগ্ম সচিব (কলেজ/মাধ্যমিক-১,২/বিশ্ববিদ্যালয়/অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/যশোর/সিলেট/বরিশাল/কুমিল্লা/চট্টগ্রাম/ দিনাজপুর।
১৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
১৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৫. জেলা প্রশাসক(সকল) ....................(অধিক্ষেত্রাধীন সকল উপজেলা নির্বাহী অফিসারকে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৬. সিভিল সার্জন....................................................... (সকল)।
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২০. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)...................।
২১. জেলা শিক্ষা অফিসার (সকল) ..........(সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ সহ)।
২২. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ..............................(পরিপত্রের নির্দেশনা বাধ্যতামূলকভাবে অনুসরণ করার জন্য)।

(সালমা জাহান)
উপসচিব

E:\Sec_11\D_D\Md. Abu Alom Khan\Porippotro.doc